FROM SANATAN BENGALI SOCIETY OF CALIFORNIA

# Durga Puja 2023



## SARVA MANGALA MANGALYE SIVE SARVARTHA SADHIKE SARANYE TRAYAMBIKE GAURI NARAYANI NAMOSTUTE

Meaning: She is the most auspicious one and the one who bestows auspiciousness upon all of the world. She is pure and holy. She protects those who surrender to her and is also called the Mother of the three worlds and is Gauri, daughter of mountain king. We bow down to Mother Durga again and again. We worship her.

# SANATAN BENGALI SOCIETY OF CALIFORNIA

## CELEBRATING DURGA PUJA 2023

OCTOBER 13TH, 14TH, 15TH



**Durga Puja Venue**

**Mt San Antonio College**

1100 N Grand AveWalnut, CA 91789









**Live concert: Ujjaini Mukherjee with her full band on October 14th at 8 p.m.**

### PUJA SCHEDULE

**Friday October 13th - Mahashasthi**

Adhibas, Shasthi Puja & Mahalaya: 6:00 P.M to 9:30 P.M

Prasad and Dinner: 9:30 P.M

**Saturday October 14th - Mahasaptami & Mahaashtami**

Saptami Puja: 9:00 A.M to 11:30 P.M

Pushpanjali: 11:30 A.M to 12:30 P.M

Lunch: 12:30 P.M to 1:30 P.M

Ashtami Puja & Sandhi Puja: 2:00 P.M to 4:00 P.M

Dinner: 5:00 P.M - 7:30 P.M

**Sunday October 15th - Mahanabami & Bijaya Dashami**

Nabami Puja: 10 A.M to 12 P.M

Lunch: 12 P.M to 1:30 P.M

Cultural Program: 2 P.M to 5 P.M

Dashami Puja: 5 P.M to 5:30 P.M

Arati and Santijal: 5:30 P.M to 6:30 P.M

### Donation Details

**Zelle Pay: sanatanbengalisociety.org@gmail.com**

Durga Puja 2023 (Oct. 13, 14 & 15): Family of 4-$350 Extra for additional person, Couple-$250, Single $150 and Student $100


**PRESIDENT:** MR. PRADIP PALL

**VICE PRESEDENT:** MRS. MOLY BISWAS

**SECRETARY:** MR. PRANAB ROY

**JOINT SECRETARY:** MR. SAIKET MAJEMDER

**CULTURAL SECETARY:** MRS. UPAMA CHAITY

**FINANCIAL SECETARY:** MR. SWAPAN NATH

**PUBLICATION & COMMUNICATION SECETARY:** MR. ANJAN SARKER

**JOINT PUBLICATION & COMMUNICATION SECETARY:** MR. BIJOY KARMAKAR

**ASSISTANT CULTURAL SECETARY:** MRS. GAYATRI DHAR


VIEW WEBSITE: WWW.SANATANBENGALISOCIETY.ORG

A NON-PROFIT, TAX-EXEMPT, SOCIO CULTURAL & PHILANTHROPIC ORGANIZATION, TAX-ID # 27-2256062



# Lakshmi Puja 2023

**OCTOBER 29TH, 2023 SUNDAY** 3 pm to 8 pm

Sindhu Center, 14117 Clarkdale Ave, Norwalk, CA 90650.

# SBS EXECUTIVE COMMITTEE 2023-2025

1. Pradip Paul
2. Moly Biswas
3. Pranab Roy
4. Saiket Mazumder
5. Upama Banik (Chaity)
6. Gayetri Dhar (Nanda)
7. Swapon Nath
8. Anjan Sarkar
9. Bijoy Karmaker
10. Papri Sarkar Vabna
11. Kakoli Sarker
12. Sambit Chowdhury
13. Sayatani Chowdhury (Keya)
14. Trisha Deb
15. Arupa Adhikary
16. Antor Paul
18. Arpan Sarker
19. Nikita Paul
20. Arabindu Mazumder

# TABLE OF CONTENTS

DURGA PUJA 2023




| | |
|---|---|
| **Message from President** | 05 |
| **Message from Vice President** | 07 |
| **Message from General Secretary** | 08 |
| **Message from Cultural Secretary** | 10 |





| | |
|---|---|
| **মা' আসছে** | 21 |
| **আমি কন্যা ভ্রূণ বলছি** | 22 |
| **নদীর কান্না** | 23 |
| এইভাবে বেঁচে থাক এইভাবে | 25 |
| **যেইদিন নিজেকে সবচাইতে ধনী মনে হয়েছিলো** | 31 |
| **সুরের দেবী সরস্বতী** | 34 |
| **Photography and Drawings** | 35 |
| **Advertisements** | 41 |
| **Message from Editor** | 11 |
| **Season's Greetings** | 13 |
| **বাংলাদেশ** | 14 |
| **হিমালয়** | 17 |
| **My Family's Journey** | 18 |
| **পুজোর অতিথি বৃষ্টিরানী** | 20 |




# Message from the President

On behalf of the Sanatan Bengali Society Executive Committee, I would like to take this opportunity to welcome and wish all of you a fun, memorable, and meaningful Durga Puja.
I have had the honor of serving this vibrant community as an executive member since 2008 and as the President since January 2023. I am fortunate to have such a great team of members and volunteers who have come together to create this event for us to celebrate Durga Puja. I am so grateful to spend another Durga Puja with all of you.

As Probasi Bangali, this is a great occasion for us to come together as a community in a festive spirit and spread our rich culture and tradition. Amidst a world of increasing fragmentation and unrest, our community serves as a peaceful oasis for all of us. This community has existed for a long time and continues to grow every year. With our increasing growth and diversity, it's our responsibility to ensure that the community remains united and continues to keep the community's interest and wellbeing as our number one priority. Every member of this community, no matter the length of time that you may have been with us, is encouraged to participate in this annual event of Durga Puja and all the events that follow. We are all one big family.

In honor of our community coming together, I would like to share some of the projects that we have been working on this year. We are very excited about our collaboration with various local organizations to diversify our community's cultural, social, and spiritual enrichment. We have been working closely with the Hindu Society of Southern California while celebrating Saraswati Puja, Lakshmi Puja, Durga Puja, Kali Puja, Dol yatra, Akhay Tritiya, Janma astami, to integrate socio-religious bond with the wider community. In addition, for more than a decade, SBS has also been involved in student financial support. This year, SBS supported all expenses (including visa fees, medical fees, and traveling expenses) to a student named Pramshis Kar (Ayon). Pramashis is a RUET graduate that is starting a master's Program in Civil and Environmental Engineering at Tennessee Tech University. We are continuously looking for other students to support who wish to pursue higher education but are unable to do so due to financial barriers.

We could not have achieved any of these incredible achievements without the active participation of our members and volunteers. I am excited to report that this year, a lot of our new members joined us as part of the volunteer team for Durga Puja. Please welcome them as they join us in our celebration. We would like to invite and encourage more of our members to participate in all capacities including leadership in various events.

Thank you for listening to some of the ventures that we are currently pursuing. For more up-to-date information on the community and our upcoming events, please visit our website www.sanatanbengalisociety.org. If you have any feedback for improvement or other suggestions, we would love for you to share it with us through our email, support@sanatanbengalisociety.org. Finally, I want to again give a big thank you to the leadership team, volunteers, and all of you, for your continued support and dedication in helping this community continue to thrive.

I hope you enjoy this Durga Puja and we look forward to seeing all of you at our next event for Lakshmi Puja on October 29th , 2023 at Sindhu Center, 14117 Clarkdale Ave, Norwalk, CA 90650.



Pradip Paul
President, Sanatan Bengali Society of California

# Message from the Vice President

শারদীয় দুর্গোৎসব উপলক্ষে সকলকে জানাই শারদ শুভেচ্ছা ও পুষ্পিত অভিনন্দন । শারদোৎসব প্রতিবছরের মতো এবারও বয়ে এনেছে অনাবিল প্রশান্তি আর নিরন্তর আনন্দধারা । শরতের নীলাকাশে আলোর ঝর্ণা, বাতাসে ভেসে আসে খুশীর বন্যা । নদীর পাড় ঘেঁষে কাশফুলের নাচন, মায়ের আগমনে ঢাক্ গুর্ গুর্ বাদ্যি বাজন । শিউলির গন্ধ, ধুপের ধোঁয়া, শঙ্খ ধ্বনিতে -উলুধ্বনিতে মুখরিত পূজা মন্ডপ ।

জগৎজননী মা দুর্গা দুর্গতিনাশিনী আবার আসছেন আমাদের পৃথিবীতে । আসছেন মৃন্ময়ী রূপে -- মা আছেন চিন্ময়ী রূপে । মায়ের আশীর্বাদ ও স্নেহের অমিয়ধারায় স্নাত হয়ে সকল দুঃখ-বেদনা, গ্লানি-হিংসা-বিদ্বেষ ভুলে সকলের জীবন হোক উচ্ছ্বসিত, আনন্দিত । ধর্ম -বর্ণ- নির্বিশেষে বিশ্বের সকল মানুষ যেন আমরা থাকি অপার শান্তিতে । তাই মায়ের চরণে প্রার্থনা জানাই ----
"জয়ন্তী, মঙ্গলাকালী, ভদ্রকালী, কপালিনী ।
দুর্গা- শিবা ক্ষমাধাত্রী স্বাহা, স্বধা নমোহস্তুতে ।।"

" সনাতন বেঙ্গলি সোসাইটি " আমাদের প্রিয় সংগঠন । আমরা হলাম একটি পরিবার । পরিবারের সকলের সুপরামর্শ, বন্ধুত্ব ও সহযোগিতা পেয়েছি বলেই আজ আমি আপনাদের একান্ত আপনজন । আগামী দিনগুলোতেও মুক্তমনে, সহৃদয়চিত্তে, সুন্দর কর্মধারায় সংগঠনের সুখ্যাতি ছড়িয়ে পড়ুক দিকে দিকে । সকল অশুভ শক্তির বিনাশ হোক । আলোয় আলোকময় হয়ে উঠুক এই পৃথিবী । কল্যাণময়ী দেবী দুর্গার প্রতি বিনম্র প্রার্থনা জানাই ----

" তুমি নির্মল কর, মঙ্গল করে, মলিন মর্ম মুছায়ে,
তব পূণ্য-কিরণ দিয়ে যাক্ মোর, মোহ কালিমা ঘুচায়ে ।"
সুন্দরের জয় হোক।
সনাতন বেঙ্গলি সোসাইটির জয় হোক ।



মলি বিশ্বাস
সহ-সভাপতি
সনাতন বেঙ্গলি সোসাইটি অব ক্যালিফোর্নিয়া ।

# Message from the General Secretary

On behalf of the Sanatan Bengali Association of Southern California (SBS), I am glad to welcome you and your family to attend the auspicious occasion of Sri Durga Puja.

The Sanatan Bengali Association has been serving the Hindu community of Southern California by providing Humanitarian-education support, community work and cultural events (mostly Bengali Culture) over 15 years.

Every year Durga Puja reminds us that we have to fight and win over the Asura (Evil) in our life. I recognize our Cultural team/families for their every effort of contribution during last few months of rehearsal. I sincerely thank all executive team and all members for ideas, volunteering, relentless support and cooperation throughout this year. With all your support and contribution, we brought the new Durga idol (Pratima) from one famous artists of Kolkata for Durga Puja 2023.

We are very grateful to the individuals who have helped our event become a success through their gracious donation and sponsorship. We also wish to thank the members of our local community, too numerous to name, who have given countless hours of service in helping to make our Puja a continued success.

All positive examples, ideas from members of SBS who have shown respect to our core curriculum and maintaining mission, vision and to upholds the integrity of values of SBS.

We are trying to bring clarity in functioning of this organization. If you have any question, please ask the committee members. I am sure they will be pleased to answer. I welcome everyone's suggestion: after all we need to change and adapt. That is only possible with infusion of new ideas from your thoughts.

**Once again I would like to thank you in this greatest auspicious day and pray for our good health and wellbeing, I will work with you for our best community need.**

**Wishing you and your family a blessed and happy Durga Puja!**



**"Jai Ma Durga...."**

**Pranab Roy**
**General Secretary, Sanatan Bengali Society of California**

# Message from the Cultural Secretary

Namaskar,

I am Upama Chaity, Cultural Secretary of the Sanatan Bengali Society. It is my pleasure to extend a warm welcome to all devotees and well-wishers as we come together to celebrate the grandeur of Durga Puja.

This festival transcends religion; it embodies our rich cultural heritage and the spirit of unity. Our team has worked tirelessly to curate an unforgettable experience filled with cultural performances, traditional rituals, and artistic displays.

I would like to express my heartfelt gratitude to our dedicated volunteers, sponsors, and supporters who make this celebration possible.

Let's embrace the festivities, strengthen our community bonds, and create cherished memories this Durga Puja.

May Goddess Durga bless us all abundantly.

Sarodio Sarodio Pronaam!

Warm regards,

Upama Chaity
Cultural Secretary
Sanatan Bengali Society



# Message from the Editor

Namaskar,

As we eagerly await the arrival of Maa Durga, the embodiment of strength, wisdom, and divine grace, it is my privilege and honor to welcome you all to the Durga Puja Magazine 2023. I am Anjan Sarker, and I am delighted to serve as the editor and a proud executive member of our beloved Sanatan Bengali Society.

Durga Puja is not merely a festival; it is a celebration of our culture, heritage, and devotion. It is a time when our hearts swell with reverence and joy as we welcome the goddess into our homes and hearts. This annual magazine has been a cherished tradition for our society, a platform to share our stories, traditions, and experiences that make this puja so special.

The 2023 edition of our magazine carries the essence of our devotion, the stories of our journey, and the beauty of our cultural tapestry. Through these pages, we hope to capture the spirit of unity, love, and togetherness that defines our community.

I extend my heartfelt gratitude to our dedicated team of writers, artists, photographers, and contributors who have worked tirelessly to make this magazine a reality. Their commitment and passion shine through in every article, photograph, and artwork you will find within these pages.

I also want to acknowledge the unwavering support and love of our members and devotees. It is your faith and enthusiasm that fuel our efforts year after year, making our Durga Puja celebrations so memorable.


# Message from the Editor

As we turn the pages of this magazine, let us remember the significance of this auspicious occasion - the triumph of good over evil, the power of the divine mother, and the bonds that tie us all together. May this Durga Puja fill our lives with joy, prosperity, and spiritual enlightenment.

On behalf of the entire team at Sanatan Bengali Society, I wish you all a blissful, safe, and joyous Durga Puja. May Maa Durga bless us with her divine presence, and may our community continue to thrive and prosper.

With warm regards,

Anjan Sarker
Publishing and Communications Secretary,
Sanatan Bengalisociety of California



SEASON'S GREETINGS!

2023

# We wish all Sanatan Bengali Society friends Happy Durga Pujo!

PLATINUM MEMBERS:

1. PARITOSH MAJUMDER
2. DR. PRADIP CHOWDHURY
3. PRADIP MAZUMDER
4. TAPAN CHOWDHURY
5. BIDYUT DEY
6. BIBEK SARKAR
7. PRADIP PAUL
8. KISHOLOY GOSWAMI
9. DR. SOUMIK BHADRA
10. NABARUN PAUL
11. RUPAM BISWAS
12. AMAL ADHIKARY
13. DEEPAK MISTRY
14. ANJAN PAUL
15. SWAPON NATH
16. DEBASHISH CHOWDHURY
17. DEBAJIT ROY
18. PRANAB ROY
19. SHYAMAL MAZUMDER & SMRITIKANA DASGUPTA (SOBNAM)

# বাংলাদেশ

অশোক নন্দী

বাংলাদেশ প্রকৃতির প্রিয় সন্তান। প্রকৃতি তাকে সাজিয়েছে অপরূপ সৌন্দর্যে। বাংলাদেশের মতো প্রাকৃতিক সৌন্দর্যের আশীর্বাদ পৃথিবীর আর কোনো দেশে নেই। সবুজ মাঠ, ধানের সোনালী ফসল এবং গাছের চিরহরিৎ পাতার অপূর্ব সৌন্দর্যের জন্য বিখ্যাত। বছরের ছয়টি ঋতু পালাক্রমে তাকে স্বর্গের এক বিস্ময়কর ভূমিতে পরিণত করেছে। বাংলাদেশে ঋতুঃ গ্রীষ্মকালে প্রচন্ড গরমে অস্বস্তি বোধ করলেও এই মৌসুমে পাওয়া যায় নানা ধরনের মিষ্টি ফল। দীর্ঘ গরম আবহাওয়ার পরে, বৃষ্টির পরে আবহাওয়া শীতল হয়। বর্ষাকালে, আকাশ প্রায়ই ঘন কালো মেঘের সাথে মেঘাচ্ছন্ন থাকে এবং আকাশ জুড়ে ঘোরাফেরা করে। নিচু জমিগুলো জলের নিচে চলে যায়। শরতে টুকরো মেঘের মাঝে লুকোচুরির খেলা দেখতে ভালই লাগে । শরতের রাতে আকাশ অগণিত নক্ষত্রে ভরা এবং দর্শকদের কাছে স্বপ্নভূমি বলে মনে হয়। শরতের শেষের দিকে প্রকৃতি সকালের শিশির ফোঁটা নিয়ে হাসে।
ধান কাটার জন্য প্রস্তুত সোনালি ধান , সেটা এক মনোরম দৃশ্য । শীতের পর বসন্ত আসে তার সব সুন্দর দৃশ্য নিয়ে এবং বাংলাদেশকে করে তোলে সকল সৌন্দর্যের রানী।
নদীমাতৃক দেশ হওয়ায় বছরের বিভিন্ন সময়ে তার নদীগুলো বিভিন্ন দৃশ্য সৃষ্টি করে। বিশেষ করে বর্ষায় নদীগুলো দর্শনীয় হয়ে উঠে, যা আমাদের চোখকে আনন্দ দেয়। আবার কুয়াকাটা, পতেঙ্গা, কক্সবাজারে বঙ্গোপসাগরের দীর্ঘ সমুদ্র সৈকত দেখার মত।

1947 সালে বঙ্গভঙ্গের ফলে বাংলা পুর্ব ও পশ্চিমবঙ্গে বিভক্ত হয়। পুর্ব বাংলা পুর্ব পাকিস্তানে পরিণত হয় এবং 1971 সালে এটি পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রে পরিণত হয়।
বিভাজনের ফলে ব্যাপক জনসংখ্যা স্থানান্তর ঘটে। লক্ষ লক্ষ হিন্দু পূর্ববঙ্গ থেকে ভারতে, বেশিরভাগই পশ্চিমবঙ্গে চলে আসেন। উল্লেখযোগ্য সংখ্যক আসাম, ত্রিপুরা এবং অন্যান্য রাজ্যেও গেছে।
অভিবাসন এবং পুনর্বাসন প্রক্রিয়ার ফলে নতুন টানা সীমান্তের উভয় পাশে সাম্প্রদায়িক উত্তেজনা এবং জনসংখ্যার স্থানচ্যুতি ঘটে।এই সেপারেশনে নদীপথের যোগাযোগ, রেল ও সড়ক নেটওয়ার্কের প্রাকৃতিক চ্যানেলকেও ব্যাহত করেছিল। আসামের অর্থনীতিতে এর বিরূপ প্রভাব পড়েছিল
বিভক্তির ফলে অনেক স্থানীয় লোকের ভারত স্বাধীন হওয়ার পরও বাংলা ভাগ নিয়ে অনেক তর্ক আছে॥
দেশ বিভাগের পর বাংলাদেশে অনেক সমস্যা হয়েছিলো।

বাংলাদেশের একটি শক্তিশালী অর্থনৈতিক সম্ভাবনা রয়েছে। দেশটির জিডিপি প্রবৃদ্ধির হার 5.5% দক্ষিণ এশিয়ার গড় থেকে বেশি। 2021-2025 সাল পর্যন্ত বাংলাদেশ বিশ্বব্যাপী দ্বিতীয় দ্রুততম বর্ধনশীল অর্থনীতি হবে বলে আশা করা হচ্ছে। 2022 সালে বাংলাদেশের মাথাপিছু জিডিপি ছিল $2,800, যা ভারতের চেয়ে বেশি। বর্তমান প্রবৃদ্ধির হারে বাংলাদেশ ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার পথে। আগামী দশকে বাংলাদেশ বিশ্বব্যাপী দ্রুততম বর্ধনশীল কনসুমার বাজার হতে পারে বলে ধারণা করা হচ্ছে। এটি 2030 সালের মধ্যে নবম বৃহত্তম কনজ্যুমার বাজার হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে, যুক্তরাজ্য এবং জার্মানির মতো প্রতিষ্ঠিত বাজারগুলিকে ছাড়িয়ে যাবে। বাংলাদেশ বর্তমানে ৪১তম বৃহত্তম অর্থনীতি। এটি 2035 সালের মধ্যে 25তম বৃহত্তম অর্থনীতি হবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে।

পাকিস্তান সেনাবাহিনীর রাজনৈতিক নির্যাতন এবং হিংসাত্মক কার্যকলাপের পরে ১৯৭১ সালে পূর্ব পাকিস্তান বাংলাদেশ হয়। দুটি অঞ্চলের ভিন্ন সংস্কৃতি, ভাষা এবং পরিচয় ছিল এবং পশ্চিম পাকিস্তানের রাজনৈতিক ও অর্থনৈতিক শক্তি ছিল বেশি। এর ফলে পূর্ব পাকিস্তানে উত্তেজনা ও বিক্ষোভ দেখা দেয়।১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে দুই অঞ্চলে যুদ্ধ হয়।পাকিস্তান সেনাবাহিনী পূর্ব পাকিস্তানকে পরাধীন করার জন্য নয় মাসব্যাপী গণহত্যার অভিযান চালায়। আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ২৬শে মার্চ পূর্ব পাকিস্তানের স্বাধীনতাকে বাংলাদেশ রাষ্ট্র হিসেবে ঘোষণা করেন। অধিকাংশ বাঙালি এই পদক্ষেপকে সমর্থন করলেও ইসলামপন্থী ও বিহারীরা এর বিরোধিতা করে। 1971 সালের 16 ডিসেম্বর পাকিস্তানি সশস্ত্র বাহিনী ভারতীয় সেনাবাহিনীর কাছে আত্মসমর্পণ করে। পূর্ব পাকিস্তানের ভূখণ্ড ভারতীয় সেনাবাহিনীর কাছে হস্তান্তর করা হয় এবং পূর্ব পাকিস্তান স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রে পরিণত হয়।

বাংলাদেশের অর্থনীতি একটি উন্নয়নশীল বাজার অর্থনীতি এবং দক্ষিণ এশিয়ার দ্বিতীয় বৃহত্তম। দেশের অর্থনৈতিক স্বাস্থ্য তিনটি জিনিসের উপর নির্ভর করে: রপ্তানি, রেমিটেন্স, জ্বালানির দাম।
গত দুই দশকে বাংলাদেশের অর্থনীতি দ্রুত প্রবৃদ্ধি লাভ করছে। এই বৃদ্ধি দ্বারা চালিত হয়েছে তৈরি পোশাক রপ্তানি।
একটি বৃহৎ প্রবাসী থেকে রেমিট্যান্স
একটি বড় দেশীয় কনজ্যুমার বাজার
একটি দ্রুত সম্প্রসারিত মধ্যম ও ধনী শ্রেণী
একটি চিত্তাকর্ষক ডিজিটাল গ্রহণের হার
বাংলাদেশের অর্থনীতিও মূলত কৃষিনির্ভর, প্রায় অর্ধেক জনসংখ্যা এই খাতে নিযুক্ত। চাল প্রধান কৃষি পণ্য, তবে পাট এবং চাও গুরুত্বপূর্ণ।

বাংলাদেশ সরকার তার বিদ্যুৎ গ্রিড চালানোর জন্য আমদানি করা জ্বালানির ওপর নির্ভর করে।
গত এক দশকে বাংলাদেশ অনেক গুরুত্বপূর্ণ infrastructure প্রকল্প সম্পন্ন করেছে বা প্রায় সম্পন্ন করেছে। কিছু উদাহরণ হল পদ্মা বহুমুখী সেতুর প্রধান সেতু বিভাগ এবং এমআরটি লাইন-6, বাংলাদেশের প্রথম মেট্রো রেল প্রকল্পের উত্তরা থেকে আগারগাঁও অংশ, যা যথাক্রমে জুন এবং ডিসেম্বর 2022 সালে খোলা হয়েছিল। অন্যান্য প্রকল্পগুলিও সমাপ্তির কাছাকাছি এবং 2023 সালের মধ্যে প্রস্তুত হবে বলে আশা করা হচ্ছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল প্রকল্প

24 ফেব্রুয়ারী, 2019 তারিখে, কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু শেখ মুজিব টানেল নির্মাণ শুরু হয়, যা দেশের বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামের আনোয়ারা উপজেলার সাথে চট্টগ্রামের প্রধান শহরকে সংযুক্ত করে। কর্ণফুলী নদীতে দেড়শ ফুট গভীরতায় নির্মিত এই টানেলটি বাংলাদেশের প্রথম ভূগর্ভস্থ টানেল প্রকল্প। প্রকল্পটি বাস্তবায়নে ব্যয় ধরা হয়েছে ১০ হাজার ৩৭৪ কোটি টাকা, যার মধ্যে ৪ হাজার ৪৬১ কোটি টাকা অর্থায়ন করছে বাংলাদেশ সরকার এবং বাকি ৫ হাজার ৯১৩ কোটি টাকা অর্থায়ন করছে চীনের এক্সিম ব্যাংক।


রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র

রূপপুরে বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণ কাজ শুরু হয় নভেম্বর 2017 সালে। 10 অক্টোবর, 2021-এ, বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিটের RPV ইনস্টলেশনের মাধ্যমে পারমাণবিক চুল্লির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য বাংলাদেশ বিশ্বের 33তম দেশ হয়ে ওঠে। ব্যয়ের পরিপ্রেক্ষিতে, বাংলাদেশে এ যাবৎকালের সবচেয়ে বড় এই মেগা-প্রকল্পের বাজেট ধরা হয়েছে 13 (12.65) বিলিয়ন ডলার বা প্রায় 1 লাখ 14 হাজার কোটি টাকা। এই প্রকল্পের আওতায় দুই ধাপে মোট 2400 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সম্পন্ন দুটি ইউনিট নির্মাণ করা হচ্ছে। প্রথম ইউনিটটি ২০২৩ সালের শেষ নাগাদ পরীক্ষামূলক ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন শুরু করতে যাচ্ছে বলে জানিয়েছেন প্রকল্প পরিচালক ড. মোঃ শওকত আকবর। ঢাকা ট্রিবিউনের একটি সূত্র জানায়, দেশে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিটের জন্য প্রয়োজনীয় ইউরেনিয়াম-২৩৫ জ্বালানি ২০২৩ সালের সেপ্টেম্বরে আসতে চলেছে।

ঢাকা থেকে সাম্প্রতিক সরকারী তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে ভারতে রপ্তানির পরিমাণ 2 বিলিয়ন মার্কিন ডলার, যেখানে ভারত থেকে বাংলাদেশের আমদানি 13.69 বিলিয়ন মার্কিন ডলার। বাংলাদেশ সেপ্টেম্বরে ভারতের আর্থিক সহায়তায় একটি বিদ্যুৎ কেন্দ্রসহ তিনটি বড় অবকাঠামো প্রকল্প চালু করতে চলেছে, মঙ্গলবার ভারতের হাইকমিশনার দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করার পর একজন সিনিয়র কর্মকর্তা জানিয়েছেন। মার্কিন ডলারের ওপর নির্ভরতা কমাতে এবং আঞ্চলিক মুদ্রা ও বাণিজ্যকে শক্তিশালী করার লক্ষ্যে বাংলাদেশ ও ভারত গত সপ্তাহে স্থানীয় মুদ্রায় বাণিজ্য লেনদেন শুরু করেছে। এটিই প্রথমবারের মতো বাংলাদেশ একটি বিদেশী দেশের সাথে মার্কিন ডলার ব্যতীত অন্য কোন মুদ্রায় দ্বিপাক্ষিক বাণিজ্য শুরু করে, যদিও দুটি দেশ আধা-আনুষ্ঠানিক পদ্ধতিতে "বর্ডার হাট" নামে পরিচিত কিছু এলাকায় সীমান্ত বাণিজ্য করে যেখানে উভয় মুদ্রা বিনিময় করা হয়। একটি সীমিত স্কেলে। এখন থেকে আনুষ্ঠানিক ব্যবস্থার আওতায় প্রথমে রুপিতে এবং পরে ধীরে ধীরে বাংলাদেশি মুদ্রায় লেনদেন হবে।

# হিমালয়

অশোক নন্দী



নেপাল থেকে আসার পরে
কেন জানিনা হিমালয়কে বার বার দেখি ,
সেই তুষার ঢাকা পর্বত শৃঙ্গ,
চোখে মনে ভেসে উঠে ,
আমায় ওরা ডাকে সূর্য্য যখন উঠে
ভোরের রক্তিম আলো নিয়ে
নাগারকোটের সেই উঁচু বাড়িটার ছাদ থেকে
আর শিব মন্দিরের গায়ে দাঁড়িয়ে
ঠান্ডা হাওয়া বাঁচিয়ে
দেখেছিলাম ওকে অবাক হয়ে
দিনটি সুন্দর ছিল, আলোয় ভরা
ওই শ্বেতশুভ্র পর্বত শীর্ষ
যেন ফুলের মালায় গাঁথা
শিব কে যেন বলছে
এস এস হে সর্বশক্তিমান শান্ত নীলকণ্ঠ পুরুষ
পৃথিবীর যত জ্বালা হিংসা করো দূর
তব অনবদ্য মহিমায় ।
আমি তোমার পানে চেয়েছিলাম অপলকে
কি শক্তিমান, কি দৃঢ় তুমি
পৃথিবীর লাভার ওপর ভেসে এসেছিলে
বহু কোটি বছর আগে
লেগেছিলো যুদ্ধ এশিয়ার তৈমুর লং
আর চেঙ্গিস খান দস্যুদের দেশের সাথে
কিন্তু তুমি নীলকণ্ঠ করিলে রক্ষা মোদের
গঙ্গা ব্রহ্মপুত্র বহিলো তব অঙ্গ হতে ।
ধন্য আমি তোমায় দেখে
প্রনমী তোমায়
তোমার দানে আমরা এই ভারত মাতার কোলে
আছি তোমার গান গেয়ে
সন্ধ্যা সকালে ঘন্টা বাজে তব মহিমায় ।

# My Family's Journey

**Mrinmoy Paul**

Born in free India with parents from East Bengal, I heard stories of the place while growing up. To them, it was a utopia – a place of fond memories, rich culture, and a sense of belonging. Though I never visited the place, it has a special place in my heart and something still missing.

The partition of India in 1947 marked a significant turning point in the subcontinent's history, giving birth to two independent nations, India, and Pakistan. The event reshaped the lives of millions, including my parents who hailed from East Bengal. Their tale is of struggle, sacrifice, and the unwavering pursuit of a better life.

Prior to the partition, my parents lived a comfortable life in East Bengal. The region was known for its fertile lands and rich cultural heritage. My Father's village home was in Sabhar and Mother's was Dhamrai. My Father attended Dhaka University to obtain his M.A. in English. He was involved with student life including being the Dramatic Secretary of Dhaka University. They lived in 51 Munir Hussain Lane, Dhaka (near GPO), but used to go their village, Sabhar, as Durga Puja was celebrated in their ancestral home there for generations. As I heard from my mother, their family patronized the Radha Madhav Temple in Dhamrai which is famous for Rath Yatra.

They enjoyed harmonious coexistence of different communities in a diverse cultural milieu. East Bengal, with its lush landscapes and vibrant traditions, was home to a rich tapestry of culture, languages, and religions. My parents had friends and neighbors from various backgrounds, reflecting the pluralistic ethos of the region. However, the winds of change were imminent.

The euphoria of independence in 1947 quickly faded as communal tensions escalated. Like many affected residents, my parents, being part of a minority community, began to experience religious persecution. They faced discrimination, threats, and violence that made their once peaceful life untenable. The situation reached a breaking point, forcing them to make the heart-wrenching decision to leave their homeland to ensure their family's safety.

With heavy hearts, my parents embarked on a treacherous journey to India. They left everything behind – homes, belongings, and emotional attachment. What they carried with them is a trunk made of time to carry personal items and a picture of our grandparents. They were part of a massive exodus of people, each with their own stories of pain and suffering. Yet, amidst the chaos, my parents clung to hope of a better future for their family.

Arriving in India as displaced persons, they faced numerous challenges. They had to start their lives from scratch, with limited resources and no guarantees of what the future held. My Father's possession was his education which got him a teaching job in a college but had to adapt to a completely different environment. Despite the hardships, they were determined to provide a better life for their children and worked tirelessly to make ends meet.

It was a mantra for people who migrated under such harsh conditions was to give to their children good education as once one has it no one can take it away. We were no exception to it. My parents also provided my siblings and I the same opportunities despite their modest living for us to join the post-partition generation of global economy and citizenship. Their story of sacrifice and determination served as a constant source of inspiration for us.

Our extended family got scattered and settled in various parts of India due to the partition. My Jathamoshai who settled in Bishnupur, West Bengal, maintained the family tradition of celebrating Durga Puja as it was held in Sabhar. My parents settled in Bihar where they got lot of help from local people of different religious denominations. Our own relatives who became the caretakers of our properties left behind in East Pakistan did not keep communication with us for their own benefit. As we were told, Shahid Minar in Sabhar is situated in our erstwhile parental property. After trying for many years, my friend with a connection in Dhaka provided the following pictures of our parental home where my parents once lived.






My family's journey from East Pakistan to India is a testament to the resilience of the human spirit in the face of adversity. It is a story of sacrifice, determination, and hope for a better future. While I have never had the opportunity to visit Bangladesh, it remains a lifelong aspiration that I carry with me. It is a journey of self-discovery, a way to connect with my roots, and a tribute to the enduring strength of my parents' spirit. One day, I hope to fulfill this dream and step onto the soil of the "Sonar Bangla" that holds the key to my family's history and identity.



# পূজোর অতিথি বৃষ্টিরানী

উজ্জ্বলা মল্লিক

সকালে উঠেই দেখি "বৃষ্টিরাণী" ঝরঝর করে ঝরেই চলেছে।
ও তো আমার খুব প্রিয়। তাই জানালায় হাত বাড়িয়ে ওকে ছুঁয়ে বললাম--
--- কিরে "বৃষ্টিরানী" আজ সারাদিন থাকবি বলেই এসেছিস?
--- একগাল হেসে ও বললো শুধু আজ নয় এক্কেবারে পুজোর পরে যাবো।
---- (এ কথা শুনে আমার বুকটা ধড়াস করে উঠল) সে কি রে!!! তবে তো আমাদের পূজোর আনন্দটাই এক্কেবারে মাটি হয়ে যাবে ।
---( বৃষ্টিরানী রেগে গজগজ করে বললো) এই জন্যই বলে মানুষ জাতি খুব বেইমান।
আমি না এলে তো কত কথা তোদের, যেমন -- "আয় বৃষ্টি ঝেঁপে - ধান দেব মেপে"। আবার- "আল্লা মেঘ দে পানি দে"...
আমাদের মাটি ফেটে চৌচির...., নদী শুকিয়ে যাচ্ছে,....গরমে তোদের আত্মারাম উড়ে যাচ্ছে ইত্যাদি ইত্যাদি।
আর তোরা কবিরা তো আরো এক কাঠি উপরে।
কবিতায় আমাকে ডাকার কত সুন্দর সুন্দর বাণী তোদের। আর কত কথা এটা দেবো- ওটা দেবো। আবার আমি এলে তোরা কেউ প্রেমিক, কেউ প্রেমিকার প্রেমে মত্ত হয়ে যাস।
কতো মন ভুলানো কথা--
"আমার সারাটা দিন মেঘলা আকাশ বৃষ্টি তোমাকে দিলাম."..
"বৃষ্টি বৃষ্টি বৃষ্টি এ কোন অপরূপ সৃষ্টি."..
আবার-
"হোক না বৃষ্টি আজ সারাদিন তুমিও ভেজো খুব অঝোরে।
...একটু না হয় মাতাল হবো"--
কতো রোমান্টিক কথা বার্তা ---সব-সব মিথ্যে কথা...মন ভুলানো কথা....
আর আজ আমি তোদের বিরক্তির কারণ তাই না? খুব স্বার্থপর তোরা।
--- ও বৃষ্টিরাণী এতো রেগে যাচ্ছিস কেনো রে?
--- আচ্ছা বলতো শুধু কি তোদের সখ হয় পুজো দেখতে?
আমার বুঝি হয় না?
আমিও এবার অনেক সাজুগুজুর জিনিস কিনেছি। আর এবার পূজোতে আমি খুব সাজবো।
কি ভেবেছিস - আমি শুধু সাদা আর কালো শাড়ি পড়বো? একদম না- আমার প্রিয়তম রংধনুর সাথে কথা হয়েছে। ও পূজোর এই ক'টা দিন তার সাত রং দিয়ে আমাকে সাজাবে। আমরা একসাথে দু'জনে পূজোতে আনন্দ করবো- ঘুরে বেড়াবো।
--- ও বৃষ্টি, কেন এত রাগ করছিস। রাগ করিস না লক্ষ্মীটি। আচ্ছা আমাদের কথা তোকে ভাবতে হবে না।
অন্ততঃ আমাদের কচিকাঁচাদের কথা একবার ভেবে দেখ তো--ওরা কতো আশা করে রয়েছে আর কতো আনন্দ করবে ভাবছে।
তুই কি ওদের কষ্ট দিবি?
ও বৃষ্টি, তুই পুজোতে সাত রঙে সাজিস। চোখে কাজল, ঠোঁটে লিপস্টিক যা যা ইচ্ছে সব পরিস।
তবে একটি কথা দে- এই ক'টা দিন ঝর ঝর করে ঝরিস না।
কিরে- এই কথাটা রাখবি তো?
---- ঠিক আছে, কথা দিলাম - কচিকাঁচাদের কথা ভেবে আমি ঝরঝর করে ঝরবো না। তবে পুজোর এই ক'টা দিন আমি তোদের সাথেই থাকবো।
..............জয় মা দুগ্গা.........।।।

# মা' আসছে

প্রতাপ_মণ্ডল

শরৎ এখন আসে বড্ড দেরিতে ! আবার স্থায়িত্ব বড় অল্পদিন। শরৎ দেখেছি সেই আগে। শরৎ এলেই প্রকৃতির মাঝে খুশির জোয়ারউপচে পড়তো। এখন আর তেমনকরে শরৎ চোখে পড়েনা ! আজ পড়ন্তবেলায় শরৎ গুলো কেমন যেনো মিয়মান ! শরতে সেই কাশগুলো কোথায় যেনো হারিয়ে গেছে ! পেঁজা তুলোর মতো সাদা সাদামেঘগুলো আকাশে আর তেমন করে ভাসে না। সুউচ্চ অট্টালিকা গাছেদের জায়গা দখল করেছে। প্রকৃতি আজ বড় অসহায়। শিউলি ভেজা গন্ধটা আর আসে নানাকে ! ঢাকে কাঠি পড়ার শব্দও আর শুনতে পাই'না ! নদীর ধারে কাশগুলো কি তেমন করেই ফোটে ! কি জানি ফোটে কিনা !!

সকাল হলেই শুনতে পাই'না হাঁসেদের ডাক। যেমন শোনা যায় না সন্ধ্যেবেলার ঝিঁঝিঁ পোকার ডাক ! কতকিছু হারিয়ে গেছে ! সব ছিলো একদিন - অথচ আজ সেগুলো স্মৃতি; উঁচু উঁচু বাড়ির পাশদিয়ে সূর্যটা হেলে পড়ে, সূর্যাস্ত আর দেখা হয়ে ওঠেনা। দেখতে পাই'না উঁচুবাড়ির আড়ালে আবিরগোলা আকাশটা ! এখন সম্পর্কের স্থায়িত্বওই শরতের মতো ! আসলে আমাদের মনের পরিধি ক্ষুদ্র হতে হতে ক্ষুদ্রতর ! তবুও সম্পর্ক আসে শরতের মতো...

প্রকৃতির সাথে মানুষের মনেরও বদল ঘটেছে। হয়তো বদলে গেছি আমিও !! তবে মাঝে মাঝে স্মৃতির অতলে হারিয়ে যাই। ওখান থেকে তুলে আনি, শিউলিতলায় পড়ে থাকা একমুঠো শিউলি ! সাদা সাদা মেঘের মাঝে ভাসিয়ে দিই মনটাকে ! কাশেদের দোলায় মনটা যখন দোদুল্যমান, ঠিক তখনই ঢাকে পড়েকাঠি। জানান দেয় মা' আসছে......

# আমি কন্যা ভ্রুণ বলছি

উজ্জ্বলা মল্লিক

মা, মাগো শুনতে পাচ্ছ?

আমি তোমার জঠর থেকে বলছি---

মা- এখন তো গভীর রাত সবাই ঘুমে অচেতন। আর তুমি জেগে মাথা ঠুকে যাচ্ছ ঈশ্বরের কাছে।

আমি জানি গো মা কেন তুমি এমন করছো!!

সবাই সারাদিন তোমাকে কতো ভয় দেখায়- বলে, মেয়ে হলে তোমাকে আমাকে ঘাড় ধাক্কা দিয়ে বাড়ি থেকে বের করে দেবে।

দরকার হলে পুড়িয়ে মারবে আমাদের দুজনকেই।

তাইতো তুমি এত রাতে গোপনে ঈশ্বরের কাছে কাঁদো-যেন তোমার জঠরে একটা পুত্র সন্তান হয়।

মাগো, তোমার ডাক ঈশ্বর শুনেন নি। তোমার জঠরে যে আমি! তোমার কন্যা সন্তান।

সেটা তুমি এখনও জানো না মা।

আচ্ছা মা, বাবারও তো মা আছে। তার মাকে ভালোবাসলে আমাকে কেন বাবা চায় না?

আর ঠাম্মি তো মেয়ে মানুষ, তবে ঠাম্মিও কেন মেয়ে চায় না মা?

মাগো তোমাকে যখন বাড়ির সবাই মিলে ভয় দেখায়, বিষের মতো তেতো তেতো কথা বলে, সে কথাগুলো আমিও যে শুনতে পাই। তখন সেই বিষের কথার তীব্র যন্ত্রণায় আমি নীল হয়ে যাই। আবার যখন তুমি আমাকে হাত বুলিয়ে একটু আদর করো তখন আবার আমি সতেজ হয়ে উঠি।

মাগো তোমাকে চুপি চুপি একটা কথা বলি --

ডাক্তার কাকুর ঘরে ঐ যে একটা কসাইখানা আছে না --

যেখানে মায়েদের জঠরে দেখা যায় কন্যা সন্তান না পুত্র সন্তান -তুমি কিন্তু কিছুতেই সেখানে যাবে না মা।

মাগো, তবে ডাক্তার কাকু তক্ষুনি আমাকে মেরে ফেলবে।

মা, আমি যখন তোমার কোলে আসবো তখন বাড়ির সবার বিষযুক্ত কথা আর অত্যাচার সহ্য করে আমাকে তুমি বাঁচাতে পারবে তো?

নাকি আমাকে তুমি নুন খাইয়ে বা গলাটিপে হত্যা করবে?

মাগো, তুমি আমাকে হত্যা করো না।

আমি বাঁচতে চাই।

তোমাকে মা বলে ডাকতে চাই, তোমার আদর পেয়ে একটু একটু করে বড় হতে চাই। অনেক বড় হয়ে আমি সবার সেরা হয়ে বাড়ির সবাইকে দেখাতে চাই কন্যা সন্তানও সেরা হতে পারে।

মা, তুমি আমাকে হত্যা করবে না তো?

তুমি আমাকে বাঁচাতে চাইলে পৃথিবীর কারো সাধ্য নেই আমার ক্ষতি করে ।

মাগো, আমি বাঁচতে চাই।

আমাকে বাঁচতে দাও মা, বাঁচতে দাও..... ।

# নদীর কান্না

উজ্জ্বলা মল্লিক

ও নদী,
তুমি আমার বন্ধু হবে?
প্রতিদিন তোমার পাশে একবার বসবো,
আমার দুঃখের কথাগুলো ভাগ করবো-
তোমার সাথে।
ও নদী শুনবে তো তুমি?
তুমিও তোমার সব কষ্টের কথা আমাকে বলবে, কেমন।

জানো নদী,
মানুষ বড্ড অদ্ভুত--
কারো মন পাওয়া খুব কঠিন--
আসলে জোর করে ভালোবাসা আদায় করা যায় না।
কাউকে বেঁধেও রাখা যায় না।

নদী বলল- এতো অভিমানের কথা!
এতো সহজেই ভেঙে পড়লি?
শুনবি আমার কথা?

কতো কিছু হারিয়েছি আমি জানিস?
আমার হৃদয়ে কত চাপা কষ্ট আছে তা তোরা বুঝিস?
তবুও আমি নীরবে বয়ে চলেছি একবুক অভিমান নিয়ে --
ভাগ্যিস চোখের জলের কোন রং হয় না!
তানা হলে সবাই বুঝে যেতো, নদীর বুকে কতো কান্না ---

এখন আর আমার ভরা যৌবনে দামাল কিশোরের দল ঝাপাঝাপি করে না।
নব বধূরা কলসি কাঁখে নিয়ে নদীর ঘাটে এসে গল্পে মশগুল হয় না।
সেই পাল তোলা নৌকা আর ভাসে না আমার বুক চিরে ---
মনের সুখে মাঝি ধরে নাসেই ভাটিয়ালি গান--
আমার বুকে আজ আর নেই নাম জানা- অজানা মাছের ভিড়---
পানকৌড়ি, মাছরাঙা আর বকের সারি পায় না মাছের সন্ধান--
তাই তীব্র অভিমানে তারা আসেনা মাছ শিকারে।
হাঁসেরাও আর ডুব- সাঁতার খেলে না ---
আমার বুকে জাল ফেলে জেলেরা আর তৃপ্তির হাসি হাসে না।
আমার নির্মল বুকে প্রতিনিয়ত বিষ ঢেলে দিচ্ছে সৃষ্টির সেরা তথাকথিত উন্নত জীবেরা।

আকাশের সাথে ছিল আমার গভীর মিতালী।
আকাশ তার রূপ দেখতো আমার স্বচ্ছ জলে--
ধীরে ধীরে আমাদের মিতালীতে পড়েছে ভাঁটা ।
আগে চাঁদের আলোয় আমার জল ঝিকিমিকি করতো।
এখন যেন চাঁদে লেগেছে গ্রহণ।

আসলে আধুনিকতার ছোঁয়া লেগেছে তোদের গায়ে।
আর তাতেই আমার ভালোবাসা আর ভালো লাগার সব মৃত্যু হয়েছে।
আজ আমি জীর্ণ, শীর্ণ মৃত প্রায়।
তোরাই একটু একটু করে সভ্যতার নামে ধ্বংস করেছিস আমাকে।
তবুও আমি আজও তোদের মঙ্গলের জন্যই নীরবে বয়ে চলেছি।

তবে আর কতদিন শান্ত থাকবো বলতো?
এই শান্ত আমিও একদিন অশান্ত হয়ে উঠবো।
সেদিন লন্ড ভন্ড হয়ে যাবে সব।
ধ্বংসের দামামা বেজে উঠবে চারিদিকে।
এখনই তোরা সাবধান হ --
এখনো সময় আছে, নিজেদের কথা ভেবে আমাদের যত্ন নে।
একদিন ঠিক বুঝবি, আমরাই ছিলাম এই ধরণীর প্রাণ।
সেদিন হয়তো বড্ড দেরি হয়ে যাবে।

এইভাবে বেঁচে থাক এইভাবে

জসিম মল্লিক

১

১৯৮৩ সাল থেকে প্রকৃত বাঁচার জন্য লড়াই শুরু হয় আমার। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার এক পর্যায়ে সিদ্ধান্ত নিলাম বাড়ি থেকে টাকা পয়সা নিব না। মা এবং মেঝ ভাইয়ের উপর চাপ তৈরী করতে চাই না। মা চেয়েছিলেন আমি যেনো কোথাও না যাই। বরিশালে থেকেই পড়াশুনা করি। মাকে খুশী করার জন্য বরিশাল বিএমকলেজে ভর্তিও হয়েছিলাম। কিন্তু একটা সময়ে আমাকে আর আটকে রাখা যায়নি। বরিশাল ছাড়ার জন্য মন আকুলি বিকুলি করছিল। কেনো বরিশাল ছাড়তে চাই, কেনো ঢাকা চলে যেতে চাই নিজেও জানি না। শুধু জানি আমাকে ঢাকা যেতে হবে। যদিও ঢাকায় আমার কেউ নাই। ঢাকা শহরটা চিনিও না ঠিকমতো। মানুষজন কাউকেই চিনিনা, আমাকেও কেউ চেনে না। তারপরও এক কাক ভোড়ে সদরঘাট নামলাম লঞ্চ থেকে। আসার পর থেকেই শুরু হলো এক লড়াই। অনন্ত লড়াই। একটা দুইটা শার্ট, প্যান্ট, একজোড়া জুতা সম্বল করে পথচলা শুরু হয়। একবেলা খাই তো আর এক বেলা স্রেফ উপোস দেই। প্রায়ই ভাবি বরিশাল ফিরে যাব কিন্তু যাওয়া হয় না। ১৯৮৩ সালে তৎকালীন সাপ্তাহিক বিচিত্রায় কন্ট্রিবিউটার হিসাবে কাজ শুরু করি। সেটাই আমার অফিসিয়াল ইনকামের শুরু। পয়সার জন্য তখন অন্যান্য পত্রিকায়ও লিখতাম। কিছুদিন টিউশানিও করেছি। সেই যে শুরু হয়েছে জীবন সংগ্রাম আজও থামেনি। বাষট্টি পূর্ণ হয়েছে আমার। বাইশ বছর বয়সে শুরু করেছিলাম সেই থেকে ননস্টপ চল্লিশ বছর ধরে কাজ করে যাচ্ছি। বাঁচার জন্য, স্বাচ্ছন্দের জন্য করতে হচ্ছে। ৬৫তে কানাডায় অফিসিয়াল রিটায়ার করার আদর্শ সময়। মাঝে মাঝে নিজেকে ক্লান্ত আর বিধ্বস্ত করতে চাইনা। শেষ ইচ্ছা হচ্ছে শুধু ঘুরে বেড়াব। যে সব দেশে যাইনি সে সব দেশে যাব। কত স্বপ্নইতো মনের মধ্যে লালন করি। সব স্বপ্ন কী পূরণ হবে! আমার ছেলে মেয়েরাও চাচ্ছে আমি ঘুরে বেড়াই। লাইফ এনজয় করি। আমি বাইশ বছর বয়সে শুরু করলেও আমার ছেলে মেয়েরা শুরু করেছে আরো কম বয়সে। স্কুলে থাকতেই সামার জব দিয়ে কর্মসংস্থানের শুরু। পনেরো বছর বয়স থেকে কখনও আমার কাছ থেকে টাকা পয়সা চেয়ে নেয়নি। নিজেদের খরচ নিজেরাই চালিয়েছে। পুরো বিশ্ববিদ্যালয় জীবন কাজ করেছে দুজনেই। সেই তুলনায় ওদের সংগ্রাম আমার চেয়ে কম নয়। যদিও এটাই এখানকার কালচার। বাবা মায়ের উপর ডিপেন্ডেন্ট হতে চায় না, যেমন হতে চাইনি আমি।

অবসর জীবন কেমন হবে সেটা ভেবে শঙ্কিত হই মাঝে মাঝে। যখন বৃদ্ধ হব তখন কি ওল্ডহোমে যেতে হবে! সেখানে কেমন লাগবে! গল্প করার সঙ্গী পাব! বা অসুস্থতায় যদি ভুগি কে পাশে থাকবে! কেউ কী থাকবে! ছেলে মেয়ে স্ত্রী! কে জানে। যখন আমরা তরুণ থাকি তখন বার্ধ্যেকের কথা ভাবি না। বুঝতেও পারি না একদিন সময় ঘনিয়ে আসবে। জ্বরা, রোগ, শোকে আক্রান্ত হবো। নিঃসঙ্গতা ঘিরে ধরবে। তবে শরীরের বয়স যাই হোক মনের বয়স বাড়তে দেওয়া যাবে না। দুঃশ্চিন্তা, স্ট্রেস এসব ছুড়ে ফেলে দিয়ে মনকে প্রফুল্ল রাখতে হবে। সুস্থ্য থাকতে হবে। যা করতে ভাল লাগে তাই করতে হবে। যাকে ভাল লাগে তার সাথে মিশতে হবে। আবর্জনা বর্জন করতে হবে। তবে ওল্ড এজে কিছুতেই বিদেশে থাকব না। কেউ পাশে থাকুক আর না থাকুক নিজের জন্মস্থানে ফিরে যাব। সেই প্রক্রিয়া শুরু করেছি। অনেকেই বলে কানাডায় চিকিৎসার জন্য হলেও থাকতে হবে। আমি সেটা

মানি না। আমার দেশেও অনেক ভাল চিকিৎসা আছে। অনেক ভাল ডাক্তার আছে। শুধু চিকিৎসা যে কেবলই বাণিজ্য নয় মানবসেবাও সেই বোধ তৈরী হতে হবে। দেশে ফিরে গিয়ে মানবসেবায় নিয়োজিত করব নিজেকে। সুস্থ্যভাবে যেনো আমার মৃত্যু হয়, ঘুমের মধ্যে এই স্বপ্ন আমার। আলাহ্ নিশ্চয়ই আমার ইচ্ছা পূরণ করবেন। আমার শৈশব, কৈশোরকালটা যতই সাদামাটা থাকনা কেনো সেখানে ভালবাসার কোনো কমতি ছিল না। সাধারণ এক কিশোর ছিলাম আমি কিন্তু সেটাই ছিল বিরাট আনন্দের। তখন আমার মা ছিল, ভাই বোনরা ছিল, খেলার সাথীরা ছিল। মনের মধ্যে সবসময় একটা আনন্দের শিহরন কুল কুল করে বয়ে যেতো। মা ছিল বলে নিজেকে কখনও অসহায় মনে হয়নি। মনে হতো আমি কখনও একলা না। মনে হতো আমার মা পাশে আছে। সবার ছোট ছিলাম বলে মা চোখে চোখে রাখত। মা ছিল আমার শক্তির জায়গা। মা যতদিন বেঁচে ছিল যত দূরেই ছিলাম কোনো শূণ্যতা অনুভব করিনি। বড় হয়ে সংসার শুরু করার পরও মায়ের কাছে সবসময় বুদ্ধি পরামর্শ নিতাম। এখন যেমন অর্ক অরিত্রির কাছ থেকে পরামর্শ নেই। ওরা ঠান্ডা মাথার মানুষ। সঠিক পরামর্শ দিতে পারে। ওদের কাছে গেলে মনে হয় যেনো আবার ছোট হয়ে গেছি। শৈশবে ফিরে গেছি। সোনাঝড়া শৈশব। আবার শিশু হয়ে কোলে ফিরে গেছি যেনো। খেলার সাথীদের যেনো দেখতে পাই চোখ বন্ধ করলেই।

২

আগে অনেক ব্যাপার নিয়েই মাথা ঘামাতাম, কখনও কখনও জড়িয়ে পড়তাম। কখনও প্রকাশ্যে কখনও মনে মনে। কেউ একটা অন্যায় করছে প্রতিবাদে ঝাঁপিয়ে পড়তাম, অন্যায়ের বির‍ুদ্ধে কলম ধরতাম। কেউ আমার সাথে খারাপ আচরণ করছে, অপমান করছে প্রতিক্রিয়া দেখাতাম। কেউ পিছনে কুৎসা রটনা করছে মেজাজ বিগরে থাকত। কেউ ভুল বুঝছে ভুল ভাঙ্গানোর জন্য চেষ্টা করতাম। সবার সাথে ব্যালেন্স করতে চাইতাম। কেউ একজন লেখা চাইছে পত্রিকার মান বিচার না করেই লেখা দিয়ে দিতাম। জগতের মানুষের যত সমস্যা সব যেনো আমার একলার। কেউ কাজ পাচ্ছে না তার জন্য কাঁজ খুজছি, নিজের জন্য না, অন্যের জন্য মানুষের কাছে রিকোয়েষ্ট করছি। সেটা কি দেশে কি বিদেশে। কেউ একজন বই প্রকাশ করবেন, প্রকাশক খুঁজে দেওয়ার কাজ করছি। কারো সাহায্য দরকার সাহায্য করার জন্য উঠে পড়ে লেগে যাই, কারো চিকিৎসা দরকার সে চিন্তা আমার। কেউ বাসা ভাড়া দিতে পারছে না তাও আমার সমস্যা। কারো বাসা ভাড়া দরকার, বাসা খুঁজে দেওয়ার দ্বায়িত্ব আমার। এমনি অনেক কিছু আমি আমার উপর চাপিয়ে দেই। নিজেকে নিয়ে ভাবার সময় পাইনা। কেউ একজন দেশ থেকে এসেছে তাঁকে এয়ারপোর্ট থেকে পিকআপ করা, তাঁকে সময় দেওয়া, বেড়ানো, আপ্যায়ন করা এসব দ্বায়িত্ব আমার। জন্মদিনের শুভেচ্ছা জানানো, গিফট দেওয়া এগুলোও বাদ যায় না। যখন দেশে যাই গিফট কিনে নিয়ে যাই। কার কি দরকার জানতে চাই। তাছাড়া নানা জনের নানা অনুরোধ থাকে। সবাইকেই খুশী করতে চাই। কিন্তু কেউই খুশী হয় না। দেশে গিয়েও মুক্তি নাই। সাবারই কিছু দাবী থাকে। যার আছে তারও থাকে। আমার চেয়ে ভাল আছে তারও থাকে। রেষ্টুরেন্ট খেতে বসলে প্রায়শই বিল আমি পরিশোধ করি, সেটা কি দেশে কি বিদেশে। যদিও এসব আমি আনন্দ নিয়ে করি। যখন স্কুলে পড়তাম তখন মালেক ভাইর মালাই আইসক্রিম খেতে পারতাম না, ঘটি গরম খেতে পারতাম না পয়সার জন্য। সবাই খেতো আমি দেখতাম। তাই আমি খাওয়াতে ভালবাসি। আমি যে এতো ভাবি সবার ব্যাপারে কিন্তু অবাক হয়ে দেখি আমাকে নিয়ে কেউ তেমন ভাবে না, আমাকে কারো কিছু দিতে ইচ্ছে করে না। আমি কিছু প্রত্যাশাও করি না। প্রত্যাশা করলেই কষ্ট বাড়ে।

প্রত্যাশাহীন প্রাপ্তিতেই লুকিয়ে থাকে আনন্দ। যাদের জন্য আমি কিছুই করি না, করার কথা মনেও থাকে না তারাই দেখি আমার জন্য ভাবে, আমার জন্য করে। আমাকে বিস্মিত করে দিয়ে কেউ কেউ আমাকে শর্তহীন ভালবাসা দেয়। এরাই হচ্ছে প্রকৃত মানুষ। এই ধরণের মানুষের বড় অভাব আজকাল। একদল আছে শুধু পেতে চায়। মনে করে এটা তাদের প্রাপ্য, তাদের অধিকার। প্রকৃতপক্ষে মানুষ নিজেকে নিয়েই বেশি ভাবে। নিজের সুখটাই আগে দেখে। ত্যাগের মানুষিকতা বেশি মানুষের নাই। খুব অল্প মানুষের সাথে আপনার মনের মিল ঘটবে। সময়ের বিচারে প্রতিফলিত হয় কে আপন, কে পর। সামান্য কারণে বা সামান্য ভুলে যদি সম্পর্ক ভেঙ্গে যায় তাহলে ধরে নিতে হবে সেটা কোনো সম্পর্কই ছিল না। সেই সম্পর্কে কোনো ফাঁক ছিল। ত্রুটি ছিল। বস্তুত মানুষ খুবই অসহায়। সে কারণে আমি আর আগের মতো সব ব্যাপারে মাথা ঘামাই না। নাক গলাই না। প্রতিক্রিয়া দেখাই না। যে যেভাবে বাঁচতে চায় বাঁচুক। যে যেভাবে সুখী হতে চায় হোক। সবাই স্বাধীন মানুষ। একক মানুষ। অনন্য মানুষ। আমি আমার পরিবারের লোকদের উপরও কখনও কিছু চাপিয়ে দেইনি। আমার উপরও কেউ কিছু চাপিয়ে দিক তা চাই না। আমাকে কন্ট্রোল করুক চাই না।

আমি কোনো পারফেক্ট মানুষ না। কেউই পারফেক্ট না। আমার অনেক ভুলত্রুটি আছে। সেগুলো মেরামতের চেষ্টা প্রতিনিয়ত করি আমি। পুরোটা পারি না। একদিকে সারাইকর কিছু কিছু মেরামত করে দিয়ে যায় অন্য দিকে আবার হারি পাতিলে টোল পড়ার মতো দাগ লেগে যায়। পৃথিবীতে কিছুই স্থায়ী না। কোনো কিছু নিয়ে বেশি বেশি ভেবে ফায়দা নেই। আকড়ে থেকে লাভ নেই। মোহ ত্যাগ করতে হবে। পৃথিবীতে কার্য্যকারন ছাড়া কিছুই ঘটে না। সবকিছুর পিছনেই কোনো কারণ লুকানো থাকে। তাই যা কিছুই ঘটুক সেটা মেনে নিয়েই বাঁচতে হবে। সহজভাবে নিতে হবে। বিপদ আপদ যেমন থাকে, মুক্তিও থাকে। যত বড় বিপদ হোক সেটাকে ওভারকাম করতে হবে। নিজেকে নিজের সুখী করতে হবে। কখনও কখনও নিজেকে অনেককিছু থেকে সাসপেন্ড করতে হয়। প্রত্যাহার করে নিতে হয়। মনে রাখতে হবে সবকিছু আমাদের হাতে নেই, সবকিছু আমাদের কন্ট্রোলে নেই।

গত কয়েকদিন থেকে একটা আজব বিষয় মাথায় ঘুরপাক খাচ্ছে। সেটা হচ্ছে মৃত্যু। মৃত্যুর পর কার কেমন প্রতিক্রিয়া হবে সেটা মাথায় ঘুরপাক খাচ্ছে। এমন না যে মৃত্যু কোনো অস্বাভাবিক ঘটনা। মৃত্যু স্বাভাবিক। বেঁচে থাকাটাই অস্বাভাবিক। এই যে এখনও বেঁচে আছি অবাক লাগে ভাবতে। প্রতিটা দিনই যেনো এক একটা বোনাস। আমার বয়সী কতজনইতো চলে গেছে! ষাটের পর থেকেই যাওয়ার মিছিল শুরু হয়। কত বন্ধু, আত্মীয়, পরিচিতজন চলে গেছেন! অন্যের মৃত্যুর পর কার কেমন প্রতিক্রিয়া হয় সেটা নিজেই দেখতে পাই। নিজে কেমন প্রতিক্রিয়া ব্যাক্ত করি তাও দেখি। আমার মৃত্যুর পর কেমন প্রতিক্রিয়া হবে? সেটা দেখতে পাব না বটে তবে অনুমান করতে পারি। আমার ইমাজিনেশন অনেক ভাল। তাই আমি ধারনা করতে পারি আমার মতো এলেবেলে মানুষের মৃত্যুর পর শোকের আয়ু কেমন হবে, কতক্ষন স্থায়ী হবে। কিছু মৃত্যু আছে মনে দাগ ফেলে দিয়ে যায়। সহজে ভোলা যায় না। যেমন আমার মায়ের মৃত্যু, আমার বোন সাজুর মৃত্যু, আমার বড় ভাইয়ের মৃত্যু, তার মেয়ে মৌরির মৃত্যু। আসলে যার সাথে যার এটাচমেন্ট বেশি থাকে তার মৃত্যুই বেশি কষ্ট দেয়। স্মৃতিগুলো হানা দেয়। আমি খুবই স্মৃতিকাতর মানুষ। সামান্য ঘটনা অসামান্য হয়ে মনে বাজে।

আমি মারা গেলে আমার জন্য কেউ কী কষ্ট পাবে! আমি চাই রোগে শোকে কষ্ট না পেয়ে, কাউকে কষ্ট না দিয়ে হুট করে চলে যেতে। ঘুমের মধ্যে হলে আরো ভালো। মৃত্যুর আগে কী আমার প্রিয় দুই সন্তানের মুখ দেখতে

পাব! আমার আশা কী পুরণ হবে! আমি চাই আমার বাবার কবরে শায়িত হতে। আমি কিছুতেই চাই না আমার কবর কানাডার মাটিতে হোক। কিন্তু আমি জানিনা আমার আশা পূরণ হবে কিনা। কিছুই জানা যায় না। সবকিছু অনিশ্চিত। অর্ক, অরিত্রি ফেসবুক করে না, জেসমিন ফেসবুকে তেমন এক্টিভ না, কখনও কিছু পোষ্ট দেয় না তাই আমি মারা গেলে দ্রুত কেউ জানবে না। আত্মীয়রা জানবে। তাদের মাধ্যমে অন্যরা জানলেও জানতে পারে। আমার ফেসবুক বন্ধুরা যখন জানবে তখন যথানিয়মে ইন্নালিলাহ..রাজেউন লিখবে। সাবাই লিখবে না। কেউ কেউ কপি করে পেষ্ট করে দেবে। নিয়মরক্ষা। আমিও এমন করি। যারা আমাকে চেনে, যাদের সাথে দেখা হয়েছে, সখ্যতা হয়েছে তারা একটু বেশি কষ্ট পাবে। যাদের সাথে বিভিন্ন সময় কাজ করেছি তারাও ব্যাথিত হবে। বিশেষকরে আমার বিচিত্রার বন্ধুরা। যাদের কষ্ট দিয়েছি তারা হয়ত মাপ করে দেবে আমাকে। আমি নিজে কারো উপর রাগ ক্ষোভ পুষে রাখিনি। নিজের ভুলের জন্য সবার কাছে ক্ষমা চেয়ে নিয়েছি অনেক আগেই। যারা আমার লেখা নিয়মিত পড়তেন তারা একটু খারাপ লাগবে। ভাববে আহা মানুষটা চলে গেলো! আর লেখা পড়তে পারব না!

৩

টরন্টোতে মারা গেলে আত্মীয়রা বাসায় আসবে। জেসমিন কাঁদবে। তারা ওকে শান্ত্বনা দেবে। দ্রুতই মসজিদে জানাজা ও দাফনের তোরজোড় শুরু হয়ে যাবে। কেউ কেউ কাফনে ঢাকা মুখটা দেখতে চাইবে। মৃত্যুর পর দেখতে কেমন লাগবে কে জানে! বরিশালে ভাই বোন, আত্মীয়রা ফোন করে খবর নেবে। আহা চলে গেলো বলে দীর্ঘশ্বাস ফেলবে। কেউ কেউ দু'ফোটা চোখের পানি ফেলবে। যেসব মসজিদে আমি দান করতাম সেগুলোতে একদিন দোয়া হবে। দেশের দু'একটি খবরের কাগজে মাঝের পৃষ্ঠায় সিঙ্গল কলামে নিউজ হলেও হতে পারে। টরন্টো বা আমেরিকার যেসব পত্রিকায় আমি নিয়মিত লিখেছি তারা প্রথম বা শেষের পৃষ্ঠায় নিউজ ছাপতে পারে। টিভির খবরেও বলতে পারে হয়ত। সবই অনুমান করি। এমনটা নাও হতে পারে। একদিন আমার এই প্রিয় শহরের বন্ধুরা হয়ত একটা স্মরণ সভা করবে। সেখানে আমাকে নিয়ে কিছু স্মৃতিচারন হবে। লেখালেখি নিয়ে তেমন কথা হবে না। ব্যাক্তিগত স্মৃতিচারন বেশি হবে। সবার মুখ থাকবে অপেক্ষাকৃত গম্ভীর, শোকের একটা আবহ থাকবে। সেই অনুষ্ঠানে জেসমিন উপস্থিত থাকলে মাথায় ওড়না দিয়ে নিরবে বসে থাকবে, সবার কথা শুনবে, নারীরা ওকে ঘিরে থাকবে। তিন ঘন্টার অনুষ্ঠান শেষে সবাই যে যার মতো ঘরে ফিরে যাবে। শোকের আয়ু বেশিদিন বা বেশিক্ষন স্থায়ী হয় না।

জেসমিন বড়জোর এক দু'দিন কাজে যাবে না । আত্মীয়রা খাবার পাঠাবে প্রথম এক দুই দিন। অর্ক অনেক কষ্ট পাবে কিন্তু ভেঙ্গে পড়বে না। বড় সন্তান বলে সে শক্ত থাকবে, মা আর বোনের পাশে দাঁড়াবে যা সাধারণতঃ সে করে থাকে। খাতিজা আর সাদ কষ্ট পাবে। মনে মনে ভাববে আমাদের অনেক আদর করত মানুষটা। প্রতিদিনের একঘেয়ে রুটিন জীবন থেকে জেসমিন মুক্তি পাবে। কেউ আর খাওয়া দাওয়া নিয়ে ত্যাক্ত করবে না, প্রতিদিন ফ্রেস রান্না করতে হবে না। এটা খাবনা, ওটা খাবনা বলে বায়নাক্কা থাকবে না। সবকিছু মিলিয়ে এক ধরণের স্বস্তির জীবন ফিরবে। দীর্ঘ অভ্যাসের পরিবর্তন হবে। একদিন সব স্বভাবিক হয়ে যাবে। শোক ভুলতে না পারলে মানুষ বাঁচতে পারত না। জেসমিনও শোক ভুলে যাবে। আবার হাসবে, বেড়াবে, প্রিয় খাবার রান্না করবে তারমধ্যে কখনও হঠাৎ মনে পড়বে, লোকটা বড্ড জ্বালিয়েছে সারাজীবন। এখন আর জ্বালাতন করার কেউ নাই। কিছুদিন

যেতে না যেতেই আমার সংগ্রহের বই বা আমার লেখা বইগুলো সরিয়ে ফেলবে সেলফ থেকে। ওগুলোর স্থান কোথায় হবে অনুমান করতে পারি। কে আর জঞ্জাল বহন করে বেড়ায়! আমার ব্যবহৃত কাপরচোপড়, জুতা স্যান্ডেল স্যালভেশন আর্মিতে দান করে দেবে। আমার কম্পিউটার, হার্ডডিস্ক, লেখার টেবিল, নোট বুক সরিয়ে ফেলবে। অপ্রকাশিত লেখাগুলো কোনোদিন আর আলোর মুখ দেখবে না। বছর ঘুরে মৃত্যুদিবস আসবে। প্রতিবছর আসবে। ততদিন কি আর কেউ মনে রাখবে! মনে হয় না। যাদের সাথে ফেসবুকে ছিলাম তারা অবচেতনে আনফ্রেন্ড বাটনে চাপ দেবে। যাদের কাছে আমার ফোন নম্বর ছিল তারা ডিলিট করে দেবে। ফেসবুককে বলা আছে আমার মৃত্যুর পর আমার একাউন্ট মুছে ফেলতে। ইন্সটাগ্রামে আর নতুন কোনো ছবি পোষ্ট থাকবে না। যেসব সাইটে নিয়মিত লিখতাম যেমন বিসিসিবি, পেন্সিল, পোয়েম ওয়ার্ল্ড, বেঙ্গলি টাইমস, বাসভূমি সেখানে নতুন কোনো লেখা থাকবে না আর। যেসব প্রত্রিকায় নিয়মিত লিখছি আর কখনও লেখা ছাপা হবে না। একদিন সবাই ভুলে গেলেও গুগল কখনও ভুলবে না। সার্চ বাটন চাপলে ভেসে উঠবে নাম, পরিচয়, ছবি। আর একজন কখনও ভুলবে না সে হচ্ছে অরিত্রি। সবচেয়ে বেশি কষ্ট পাবে অরিত্রি! বুক ফেটে কান্না আসবে কিন্তু প্রকাশ করবে না। কাউকে দেখতে দেবে না। চাপা স্বভাব। ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদবে। বাসায় আসলে আর কখনও বলবে না, বাবা চা বানাও। বাবার চেয়ে কন্যাদের আর কেইবা বেশি ভালবাসে!।


আমার চাওয়াগুলো খুউব ছোট। ক্ষুদ্র ক্ষুদ্র চাওয়া। ক্ষুদ্র মানুষের ক্ষুদ্র চাওয়া। এতোটাই ক্ষুদ্র যে চোখে দেখা যায় না। আমি অল্পে সন্তুষ্ট একজন মানুষ। কেউ মিষ্টি করে একটু কথা বললেও গলে যাই। মনে হয় তার জন্য জীবন দিয়ে দেই। কেউ ডেকে এককাপ চা খাওয়ালে খুশীতে ডগমগ হয়ে যাই। বিনিময়ে তার জন্য কী করব ভেবে অস্থির হই। অথচ আমার উল্টো টাইপ মানুষ অনেক আছে। তাঁদের জন্য যতই করি কিছুতেই মন পাই না। যত তাদের জন্য ভাবি তত তারা দূরে সরিয়ে দেয়। যত ভালবাসি তত অবহেলা পাই। পক্ষান্তরে আমিও ভালবাসার মানুষকে দূরে সরিয়ে দিয়েছি, উপেক্ষা দিয়েছি। সবকিছুরই একটা বিচার আছে। টরন্টোতে যখন প্রথম আসি তখন সোশ্যাল ওয়ার্কারের কাজ করতেন একজন আপা একদিন আমাকে বললেন, শোনেন জসিম, কাউরে কইলজা কাইট্টা টুকরা টুকরা কইরা খাওয়ালেইও মন পাইবেন না। কথাটা সত্য। মাঝে মাঝে কথাটা খুউব মনে হয়। এমন না যে আমি মানুষের কাছে কিছু চাই। কোনো কিছুর প্রত্যাশা নিয়ে বসে আছি। আমি কারো উপর কোনো কিছুর জন্য চাপ সৃষ্টি করতে পারি না। যেনো কারো মনে না হয় আমি বিব্রত করছি। কারো বোঝা হতে চাইনি কখনও। কিন্তু তারপরও ভালবাসার একটা দাবী থাকে। অবচেতনে এই দাবী প্রতিষ্ঠিত হয়। ভালবাসার মানুষের কাছে তখন কিছু চাইতে দ্বিধা করি না। দ্বিধা করবো না।

তবে সঠিক মানুষ চিনতে প্রায়শঃই আমরা ভুল করি। যার কাছে কিছু প্রত্যাশা করি দেখি সেই প্রত্যাখান করে। যার কাছে প্রত্যাশা করি না সেই পাশে দাঁড়ায়। পৃথিবীতে সবসময় কিছু রহস্য থাকে। মানুষের চরিত্রের রহস্য, সম্পর্কের রহস্য, মনের রহস্য, প্রকৃতির রহস্য। এই রহস্য কিছুতেই ভেদ করা যায় না। মাঝে মাঝে এমন হয় যে সামান্য কারণে হতাশায় ভেঙ্গে পরি, ভেঙ্গে গুড়িয়ে যাই। মনে হয় এই হতাশা কাটিয়ে আর উঠে দাঁড়াতে পারব না। গভীর শঙ্কা নিয়ে জীবন যাপন করি। উদ্বেগ উৎকণ্ঠায় শুকিয়ে কাঠ হয়ে যাই। খাওয়া থাকে না, ঘুম থাকে না এমন হয়। মনে হয় জীবনের আশা, স্বপ্নের এখানেই সমাপ্তি। জীবনে আসলে নিরবচ্ছিন্ন কোনো সুখ নাই। নিরবচ্ছিন্ন দুঃখও নাই। যখন খুব কাছের মানুষও তুচ্ছ কারণে ভুল বুঝে দূরে সরিয়ে দেয় তখন কষ্ট পাই। কিন্তু কারো ভুল শুধরে দিতে যাই না। জানি একদিন সে তার ভুল বুঝতে পারবে বা হয়ত কখনোই বুঝবে না। এটাই

জীবন। আমিও অনেক ভুল করি। কোনো একটা সম্পর্কই চিরস্থায়ী না। বন্ধু চিরকাল বন্ধু থাকে না, স্বামী-স্ত্রী চিরকাল স্বামী বা স্ত্রী থাকে না, প্রেমিক থাকেনা প্রেমিক, আত্মীয়তার সম্পর্কও ভেঙ্গে যায়। ভাই বোনের সাথেও দূরত্ব তৈরী হয়। এই বৈপরীত্ব নিয়েই আমাদের বাঁচতে হবে।

তবে যতই হাতাশায় আক্রান্ত হই না কেনো, যতই আপাত দৃষ্টিতে মনে হয় বিরাট বিপদের সম্মুখীন হয়েছি, যতই মনে হোক না কেনো জীবনটা বুঝি শেষ হয়ে গেছে তারপরও মনের গহীন কোনে সবসময় একটা আশার প্রদীপ টীম টীম করে জ্বলে। মনে ভাবি একদিন ঠিক হতাশা কাটিয়ে উঠতে পারব, বিপদ থেকে মুক্তি পাব। মাথার উপর ভেঙ্গে পড়া আকাশটা হঠাৎ দূরে সরে যাবে। এভাবেই বিপদ থেকে মুক্তি মেলে মানুষের। জীবনে বিপদ আপদ থাকবে, আবার মুক্তিও থাকবে। জীবন এমনই দু'হাত ভরে দেয় আবার কেড়েও নেয়। একটা দরজা বন্ধ হয়ে গেলে দুটো দরজা খুলে যায়। জীবনে কিছুই অনিবার্য না। কেউই অনিবার্য। কারো জন্যই জীবন থেমে থাকবে না। কোনো কিছু না পেলেও জীবন বৃথা হয়ে যায় না। একসাথে চলিশ পঞ্চাশ বছর সংসার করার পরও একজন কেউ যখন চলে যায় অপরজনকে তো বেঁচে থাকতে হয়। বেঁচে থাকে। আমার জীবনটা সবসময় মিরাকল। শিশুকাল থেকেই। আমার স্বপ্নের কথা কেউ জানে না। খুব সঙ্গোপনে এসব আমি লালন করি। আজও তা অব্যাহত আছে। যেহেতু আমার চাওয়াগুলো ক্ষুদ্র, অতি ক্ষুদ্র তাই যা পাই সেটাই আমার কাছে বড় হয়ে আসে। আমি যতখানি মানুষের ভালবাসা পেয়েছি বা পাই তার কাছে ছোট ছোট অবহেলা, উপেক্ষা অতি তুচ্ছ। ওসব গোনায় না ধরলেও চলে। ভালবাসলেই ভালবাসা পাওয়া যায়।

জসিম মল্লিক, লেখক ও সাংবাদিক, টরন্টো, কানাডা



# যেদিন নিজেকে সবচাইতে ধনী মনে হয়েছিল
## লাতিকা দত্ত গোস্বামী

মানুষকে ধনী করার জন্য অর্থ সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান। কিন্তু অর্থ ছাড়াও জীবনে অন্যান্য উপহার রয়েছে যা পেয়ে মানুষ নিজেকে ধনী মনে করে।

আজ আমি আমার জীবনের একটি বিশেষ ঘটনার কথা বলব। এটি এমন একটি ঘটনা যাতে ছিল পিতামাতার প্রতি আমার পিতার কর্তব্য পালনের সিদ্ধান্ত এবং একই সাথে সেই সিদ্ধান্ত কীভাবে আমাদের পরিবারের দুর্ভোগের কারন ও হতে পারতো।

আমার বাবা একটি ছোট ব্যবসার মালিক ছিলেন। আমি তখন মধ্য শৈশবে। ছয় ভাই বোনের মধ্যে আমি ছিলাম বড়। রাজধানী ঢাকা থেকে দশ মাইল দূরে নারায়ণগঞ্জ নামক একটি ছোট শহরে দোতলা বাড়ির খুব ছোট একটা অ্যাপার্টমেন্টে ছিল আমাদের বসবাস। আমাদের প্রতিবেশী সব ভাড়াটেদের জন্য ছিল সাধারন বারান্দা, সেটার উপর দিয়ে হেঁটে নিচ তলায় যেতে হয়।

আমার দাদু- ঠাকুমা এবং আমার মেজ কাকা তাঁর পরিবার নিয়ে আমাদের শহরের বাসস্থানের পূর্ব দিকে চার মাইল দূরে একটি গ্রাম (লম্বা দরদী, তীর্থস্থান লাঙ্গলবন্দের কাছাকাছি) এ বাস করতেন। সে গ্রামের যাত্রা -পথে প্রথমেই একটি নদী পার হতে হয় তার নাম শীতলক্ষ্যা। আমার একমাত্র মামা এবং তাঁর পরিবার আমাদের থেকে প্রায় দুই মাইল দূরে অন্য একটি গ্রাম (বন্দর) এ থাকতেন। উভয় গ্রামের পথ একই দিকে ছিল।

একদিন সকালে, আমার বাবা আমাদের কাজে সাহায্যকারী ছেলেকে নিয়ে রোজকার দিনের কেনা কাটা করতে বাজারে গেলেন। ঘন্টা খানেক পর কাজের ছেলেটি বাজারের দ্রব্য ভর্তি থলে নিয়ে ফিরে এলো কিন্তু বাবা ফিরে এলেন না। সবাই ওকে ঘিরে আতঙ্কিত হয়ে জিজ্ঞেস করেছিলো, " তুই একা কেন?" উত্তরে সে আমাদের বলেছিল যে আমার বাবা গ্রামে গিয়েছেন তাঁর বাবা-মা ঠিক আছে কিনা তা জানতে। আশ্চর্য হয়ে আমার মা তাকে জিজ্ঞেস করলেন, "কেন ওঁদের কি হয়েছে?" উত্তরে ছেলেটি জানালো, আমার পিতা তাঁর এক বন্ধু মারফৎ জেনেছে যে আগের দিন রাতে আমাদের বাড়ির পূর্ব দিকে (যেখানে আমাদের দাদু-ঠাকুমা এবং মামা বসবাস করে) ধোঁয়া দেখা গেছে। বন্ধুর কথা শুনে আমার বাবার ধারনা হয়েছে এই ধোঁয়া খুব সম্ভবত বাড়িঘর পুড়িয়ে দেয়ার ফলে হয়েছে, যেটা হিন্দু- মুসলিম রায়টের ই ইঙ্গিত। আমাদের পরিবার হিন্দু ধর্মে বিশ্বাসী। ছেলেটির কথা শুনে আমরা বুঝতে পেরেছিলাম যে আমার পিতা আমার পিতামহ এবং পিতামহীর অনিরাপত্তায় উদ্বিগ্ন হয়ে তাদের উদ্ধার করতে গিয়েছেন। একই সময়ে আমার পিতার সঙ্কটের কথা ভেবে আমরা হাহাকার করতে আরম্ভ করেছি।

অল্পক্ষনের মধ্যে আমার মামা (যিনি আমাদের পূর্বদিকে দুই মাইল দূরত্বে থাকেন) তাঁর স্ত্রী এবং তাঁদের এক পুত্র ও দুই কন্যা সহ আমাদের সামনে এসে উপস্থিত হলেন। তাদের সবাই কে খুব বিধ্বস্ত এবং ভীত দেখাচ্ছিল। মামা হাঁপাতে হাঁপাতে বলতে লাগলেন,"লাঙলবন্দ এবং সংলগ্ন এলাকায় (যেখানে আমার দাদু-ঠাকুমা বাস করেন) হিন্দু- মুসলমানের ভয়াভহ দাঙ্গা চলছে। আমাদের এলাকায় বিহারীরা হিন্দুদের কুপীয়ে মারছে। সব হিন্দু পালিয়ে বাঁচতে চেষ্টা করছে। আমরা সব ফেলে কোন ভাবে পালিয়ে, নদী পেড়িয়ে শহরে তোদের কাছে এসেছি।"

তৎকালীন পূর্ব পাকিস্তানে ( এখন বাংলাদেশ) প্রায় ১৫ শতাংশ হিন্দু ছিল। হিন্দু হওয়ায় আমার মামার পরিবারকে রাতে লুকিয়ে থাকতে হয়েছিল। পরদিন সকালে তারা গ্রাম থেকে পালিয়ে আমাদের বাড়িতে আসেন। আমার মামা আর ও বললেন, "দাঙ্গাবাজরা দল বেঁধে রাস্তায় নেমেছে। যে কোন হিন্দু তাদের সামনে এলে আর রক্ষা নেই"। আমার মামার কথা শোনার পর আমার বাবার জীবন নিয়ে আমাদের ভয় আর ও বেড়ে গিয়েছিল। আমার মামা আমাদের বাড়িতে আসার প্রায় এক ঘন্টা পর, আমার দাদু-ঠাকুমা'র গ্রামের এলাকা থেকে কুড়ি জনের ও বেশি লোক তাদের জীবন বাঁচাতে আমাদের বাড়িতে ছুটে আসে।

আমাদের অ্যাপার্টমেন্টটি এত গুলো লোকের আশ্রয়ের  জন্য খুব ই ছোট ছিল, তাই তাদের মধ্যে কেউ আমাদের সাধারণ বারান্দায় আশ্রয় নিয়েছিল, কেউ আবার আমাদের প্রতিবেশীদের এপার্টমেন্টে। সব উদ্বাস্তু শিশু ক্ষুধার জ্বালায় কাঁদছিল তখন। প্রাপ্তবয়স্করা হারিয়ে যাওয়া বাড়ির শোকে  এবং একটি অজানা অন্ধকার ভবিষ্যতের ভয়ে চিৎকার করছিলো। আমার মামা মাঝে মাঝে ই বলছিলেন, "তোমার বাবার একদম উচিত হয়নি গ্রামের বাড়িতে যাওয়া; এই সময় শুধুমাত্র একটি অলৌকিক ঘটনা তাঁকে বাঁচাতে পারে"। আমার মা আমার বাবাকে হারানোর ভয়ে কাঁদছিলেন আবার একই সময়ে তিনি শরণার্থীদের জন্য খাবার  ও রান্না করছিলেন। বাবাকে হারানোর ভয়ে আমিও কাঁদছিলাম। আমার মা একজন গৃহিণী ছিলেন, আমাদের পরিবার চালানোর জন্য অর্থ উপার্জনে  তিনি সক্ষম ছিলেন না। আমার বাবার উপার্জন ছাড়া ভবিষ্যতে বেঁচে থাকার জন্য আমাদের কোন আয়ের উৎস ও ছিল না। পরিবারের একমাত্র  উপার্জনক্ষম  মানুষটি হারিয়ে গেলে আমাদের কি হবে? এই প্রশ্ন আমাকে অস্থির করে তুলেছিল।

তখন প্রায় দুপুর।  অসহায়ের মত এক জায়গা থেকে অন্য জায়গায় হাঁটছিলাম। আমার মামার মেয়ের বয়স আমার চাইতে এক বছর বেশী, কিন্তু পাকামো তে সে আরও বেশী। আমাকে বাবাররার পরামর্শ দিল, "আমার বিপদে ভগবানকে ডেকে বিপদমুক্ত হয়েছি, তুই ও ডাকতে থাক, ভগবান সাড়া দেবেন।" সঙ্গে সঙ্গে ই ঈশ্বরকে ডাকলাম। সেই সময় আমাদের এক পারিবারিক বন্ধু আমাদের খোঁজ নিতে এসে  বললেন যে তিনি আমাদের এলাকার  'প্রধান' কে আমার বাবার জন্য গ্রামে একজন পুলিশ পাঠানোর অনুরোধ করেছিলেন। কিন্তু সেই 'প্রধান' বলেছেন,"আপনার বন্ধুর জ্ঞান এবং উপস্থিত বুদ্ধি দুটোই আছে, তাকে বাঁচাতে পুলিশের দরকার হবে না।" আমাদের এই বন্ধুর কাছ থেকে এমন নিরাশার কথা শুনে বাবার বাড়ি ফেরার ব্যাপারে আমরা আরও হতাশ হয়ে পড়েছিলাম।

দুপুর পেরিয়ে গেছে। আমাদের শহরে দুপুর ১টা থেকে কারফিউ ঘোষণা করা হয়েছে। দূর থেকে অ্যাপার্টমেন্টের জানালা দিয়ে আমি দেখতে পাচ্ছিলাম রাস্তাগুলি আরও শান্ত হয়ে উঠছে। বাবার বিপদের কথা ভেবে ভয় পেয়ে গেলাম। হঠাৎ আমার 'মামি' জানালায় উঁকি দিয়ে আমাদের বিল্ডিং বরাবর নীচে বড় রাস্তায় একটি রিকশা দাঁড় করানো দেখতে পেয়ে আমার দিকে তাকিয়ে চিৎকার করে বললেন, " তোর বাবাকে আমি রিক্সা থেকে নামতে দেখলাম।" তৎক্ষণাৎ আমরা ও জানালা থেকে দেখলাম, শুধু আমার বাবা ই নয়, আমার  ঠাকুমা, এবং তিন মেয়ে সহ আমার কাকি ও এসেছেন। আমি একটা দীর্ঘশ্বাস ফেললাম। সত্যি বাবা ফিরে এলেন? খুব ধন্য মনে হল! আমাদের সবার মনে তখন প্রায় হাল ছেড়ে দেয়া সংসার-নৌকোর কাণ্ডারি কে ফিরে পাওয়ার আনন্দ!

শহরে তখন কার্ফু চলছে। গ্রামে জীবন-হুমকির দাঙ্গার মুখে আমার বাবা কি ভাবে ফিরে এলেন এবং আমার দাদু এবং কাকা তাঁদের পরিবারের সাথে কেন এলেন না, এই সব বিস্তারিত ভাবে শোনার জন্য আমরা সবাই মুখীয়ে রইলাম।

কিছুক্ষনের মধ্যে ই আমার পিতা তাঁর অভিজ্ঞতার বর্ণনা দিলেন, "শহর থেকে নৌকায় নদী পার হয়ে গ্রামের দিকে তিন মাইল হেঁটেছি। পথে  গ্রামের একজন পরিচিতের সাথে দেখা হয়ে যায় এবং তার সুবাদে জানতে পারি, আমাদের গ্রামের পরিবার এক  মুসলমান বন্ধুর  আশ্রয়ে আছে। আমার বাবা আর ভাই এর ধান ও পাট চাষের জন্য প্রচুর জমি আছে, দাঙ্গাবাজরা তাদের অবস্থান জানলে তাদের জীবন বিপন্ন হয়ে পড়বে তাই তারা  জীবন সংশয়ের ভয়ে অন্য কোথাও পালিয়ে বেড়াচ্ছে।"


আমাদের গ্রামের বাড়ি থেকে শহরের বাসাস্থানে ফেরার পথটি ছিল এরকম -  প্রথমে পায়ে হেঁটে বা রিকশায় তিন মাইল রাস্তা, তারপর চল্লিশ মিনিটের নৌকায় নদী পেরিয়ে শহরে আসা। এর পর ঘন্টাখানেক রিকশায় চড়ে আমাদের বাসস্থান।

গ্রাম থেকে ফেরার পথে আমার বাবা তার পরিবারকে দুটি রিকশায় বসিয়ে শাড়ি দিয়ে রিকশা ঢেকে দিয়েছিলেন যাতে বাইরে থেকে দেখে একটি রক্ষণশীল মুসলিম পরিবারের মত মনে হয়। কিন্তু তিনি নিজে রিকশায়  চড়েন নি, কারণ  তাঁর মনে হয়েছিলো এসময় তাঁকে রিকশা চড়তে দেখলে দাঙ্গাকারীরা তাকে হিন্দু বলে সন্দেহ করবে।

দুটি রিক্সা চলছিলো তখন নদীর দিকে, এক রিক্সায় ঠাকুমা আর আমার তিন বছরের বড় খুড়তুতো দিদি, আর অন্যটি তে দুই মেয়ে সহ আমার মেজ কাকি। আমার বাবা ও একই গন্তব্যে যাচ্ছিলেন, কিন্তু হেঁটে। মাঝ পথে কিছু গুণ্ডা তাঁর কাছে এসে জিজ্ঞাসা করলো, "আপনি কি হিন্দু?" বাবা খুব বলিষ্ঠ ভাবে উত্তর দিলেন, "আপনাদের কি মনে হয় আজ একজন হিন্দু রাস্তায় বেরোতে সাহস করবে?" এ ভাবে নিজের প্রান বাঁচানোর পর রাস্তার উপর না হেঁটে তিনি শস্যক্ষেতের পাশ দিয়ে হাটতে আরম্ভ করলেন যাতে করে যে কোনও জরুরী পরিস্থিতিতে দৌড়ে মাঠ পেরিয়ে নদীতে ছুটে যেতে পারেন এবং সাঁতরে নদী পার হয়ে শহরে আসতে পারেন।

সেদিন আমাদের আত্মীয় বহনকারী দুই রিক্সার আগে ই পায়ে হেঁটে আমার বাবা নদীর তীরে পৌঁছে গিয়েছিলেন। তারপর নৌকায় নদী পার হয়ে রিকশায় করে আমাদের বাড়িতে ফিরে আসেন। আমার বাবার সাহসিকতা এবং উপস্থিত বুদ্ধিমত্তা তাকে সেদিন হত্যার হাত থেকে রক্ষা করেছিল।

সেসময়ে আমাদের পর্যাপ্ত অর্থ না থাকায় ন্যূনতম প্রয়োজনের বাইরে কোন সুযোগ সুবিধা আমার নাগালের বাইরে ছিল। ধনী না হওয়ায় অনেক সময় নিজেকে বঞ্চিত মনে করেছি। কিন্তু সেদিন আমার বাবার প্রত্যাবর্তন, যাকে ছাড়া পরিবারের ধ্বংস অনিবার্য ছিল, নিজেকে ধনী মনে করার এক মিলিয়ন কারণ দিয়েছিল।



## 🌺 সুরের দেবী সরস্বতী 🌺

কৃষ্ণা পাল।

সুরের দেবী সরস্বতী
হাতে বীনাপানি
তোমার সুরে রাংগিয়ে দিও
আমার হৃদয় খানি ।
শীতের ভোরে রংগীন সাজে
ফুল আর শ্রদ্ধা দিয়ে পূঁজি তোমায় ভক্তি আর
ভালোবাসা দিয়ে ।
হাতেখড়ির প্রনাম মন্ত্রে
সেই সুরের মুর্চ্ছনায়
আজোও আমি হারিয়ে যাই
স্মৃতির আলো ছায়ায় ।
ধুপ আর দীপের অর্ঘ্য দিয়ে
বরন করি তোমায়
রেখো মাগো তুমি আমায়
তোমার চরন ছায়ায় ।
বছর ঘুরে আবার এই
বসন্ত পঞ্চমীতে
বিশ্ব জুড়ে সবার ঘরে
থেকো জ্ঞানময়ী ।
🌺🙏🌺






"In this captivating black and white portrait, the interplay of light and shadows creates a powerful visual narrative. The focused gaze of my son pierces through the lens, revealing a depth of emotion and character. His features are etched in striking contrast, with every contour and nuance highlighted by the monochromatic palette. The chiaroscuro effect adds an air of timeless drama to the image, making it an arresting and evocative piece that demands the viewer's attention."




In this captivating monochromatic portrait, we see a little boy caught in a moment of pure vulnerability. Rubbing his tired eyes, he wears the undeniable weariness that comes from a day of carefree play with peers. Despite his fatigue, his kind and gentle spirit shines through. The interplay of light and shadow lends depth to his expressive eyes and emphasizes the contours of his youthful face. This black-and-white photograph transports us to the timeless world of childhood, where innocence and friendship thrive in the simplest of moments.


Created by
Pushpita Roy

**Caption:**

On the top right of the painting, behind the clouds is a face that represents Maa Durga. Maa Durga is a hindu goddess who is one of the forms of Devi. Maa Durga is also known as Trinayani Durga, she has three eyes. Her 3rd eye or known as the eye of consciousness was given by Shiva. Her left eye represents desire or the moon, her right eye symbolizes action or the sun, and the central or third eye represents fire & knowledge. On the bottom left of the piece, there is the kash flower. The kash flower represents the symbol of change and wanting to live life to your fullest.




**Caption:**

Caption: (Kaali or Kalika is a major Hindu goddess associated with time, doomsday, and death in Shaktism. An incarnation of Parvati, wife of the great Hindu god Shiva. Kali is depicted with four, eight, or ten arms; her devouring powers are suggested by her monstrous, wild appearance—violent energy in her crazed facial expression and unruly hair. As a symbol of productivity, she represents the cycles of nature, and can also be interpreted as a constant creator, taking life to give new life. As a destroyer, Kali kills those who stand in the way of human purity and peace in both life and death, such as evil, ignorance, and egoism).




**Description:** Maa Durga is a goddess, also known as Devi and Shakti. Durga was created for killing the buffalo demon Mahishasura. She is usually pictured riding a lion and with 8-10 arms, each of the arms are holding a weapon that was given to her during the battle of her and the buffalo demon. Durga Puja is held every year honoring her. It is 9 days long and is one of the most important festivals in Northeastern India. Maa Durga is known for her protection, strength, and how she was created as a pure force unlike others.

# RETIRING AT 65?

Or maybe you've decided to keep working. Either way, you maybe able to join a Medicare Advantage plan.



There maybe benefits to Medicare Advantage Plans that you may not get through Original Medicare alone.

We know Medicare!
Call today for service and information regarding you Medicare coverage.

To speak with a licensed insurance agent, please call:
**MANZUR MAX CHOWDHURY**
(714) 758-9999 | Lic. #0A98435

EST. 1996
MANZUR MAX CHOWDHURY
Protecting your Success

Our licensed insurance agents are independent contractors of Max Chowdhury Insurance ICA license #0A98435 who work with Medicare beneficiaries to explain Medicare Advantage, Medicare Supplement and Prescription Drug Plan options. Max Chowdhury Insurance, represents Medicare Advantage organizations that have a Medicare contract. Enrollment depends on the plan's contract renewal. We do not offer every plan available in your area. Any information we provide is limited to those plans we do offer in your area. Please contact Medicare.gov or 1-800-MEDICARE (TTY users should call 1-877-486-2048) 24 hours a day/7 days a week to get information on all of your options.

Find us in f

# Ardentware LLC.

Where emerging technology plays an important role in today's competitive business world

Welcome to ***Argentware – a complete IT solution hub for your business!***
We want to be your strategic business partner so that you can run your business efficiently.

**Core services offerings:**

- Networking Solution from small to enterprise
- Active Directory Consolidation
- Microsoft Exchange and Office 365 implementation
- VDI and Application Virtualization
- Cloud Services
- IT Operations and Managed Services
- Project Leadership
- IT Infrastructure Assessment and Health Checks

Visit Us: www.ardentware.com

Contact Us :
Phone :

# InnoSense Corporation

**An Environmental Technology Firm to Promote Sustainable Life on Planet Earth**



**Kisholoy Goswami**
**President and CEO**



**InnoSense Corporation**
**www.innosensecorp.com**




**Latika Goswami**
**Chief Operating Officer**

## Season's Greetings!

## We wish all Sanatan Bengali Society friends

## Happy Durga Pujo, 2023!

## Latika, Kisholoy,
## Suvro, Teresa, Shanto, Sfurti,
## and
## Ishaan Goswami



**EVOLVING**
REALTY INC.

**AMIN UL ISLAM**
Broker Associate
Multi Million Dollar Producer
DRE Lic #01131043

7049 Owensmouth Ave. Ste 2
Canoga Park CA 91303
Fax : 818.921.4411
Cell: (818) 404-5477
Email: amin@evolvingrealtyinc.com

**PRIVATE MONEY SPECIALISTS**

**RAFAHAEL ISLAM (CEO/FOUNDER)**
DRE LIC# 01519636

7049 Owensmouth Ave. Ste 2
Canoga Park, CA 91303
Web: www.privatemoneyspecialists.com
Cell: (818) 384-8382

**EVOLVING**
REALTY INC.

# PERITONEAL DIALYSIS CENTER OF AMERICA


3112 W Beverly Blvd.
Montebello, CA 90640

Season's Greetings !

We wish all Sanatan Bengali Society friends

Happy Durga Puja 2023!

Pradip, Nibedita, Sambit, Sayantani, Hiya and Vivan Chowdhury


Shubho Bijoya!
Come celebrate with us!
SAVE ON EVERYTHING
Save on all Diabetic Solutions, Lab Reagents, Equipment, and Medical Supplies
OB/GYN - Laboratory
Hospital - Clinic
Diabetic - Physician
Your One Stop Shop...For Medical Products.
NPR BIOMEDICAL INC.
351 N. Berry St. Brea, CA 92821
Office: (714) 990-5842
Fax: (714) 990-5844
Email: sales@biousa.com
Dr. Paritosh Mazumder - President
facebook
@nprbiomedicalinc
Visit us online:
www.nprbiomed.com




Take advantage upto an $161,000 Down Payment Assistance Program today when purchasing your first Primary Residence in the City of Los Angeles

You May Qualify for a 100% FHA Down Payment Assistance Program

This is your opportunity to own your dream home anywhere in California with no money down! Contact me today to see if you qualify.

Self-employed/Business owners can buy their Primary Home with 10% down payment and 12 Month Business Bank Statement, Without any Tax Return Documents

Looking to Buy / Sell / Finance / Refinance your Home, Commercial Property, or Hotel?

Take Advantage of any of these Opportunities and more today!

Contact Me at 909-732-8800 for a FREE Consultation!



Alam Khandakar (MSc, MBA)
Executive Marketing Director
NMLS #290659 | BRE #01488037
Cell: (909)-732-8800
Email: Alamk.trt@gmail.com

TRT Capital

BRE#01885529
Office: (626)-858-8626, Ex. 367 Fax: (626)-214-9353
3110 East Garvey Ave South, West Covina, CA 91791

EQUAL HOUSING OPPORTUNITY











